61

দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 FEB 1996
পৃষ্ঠা ৪ কলাম ৮

## বেসরকারী কলেজে শিক্ষক নিয়োগে পৃথক কর্ম কমিশন গঠন এবং প্রতিষ্ঠান জাতীয়করণ

বর্তমান সরকার শিক্ষার ব্যাপক প্রসারের লক্ষ্যে দেশের সর্বত্র অসংখ্য বেসরকারী কলেজ গড়ে ওঠাকে ইতিবাচক দিক হিসাবে দেখছেন এবং এ লক্ষ্যে গ্রামে-গঞ্জে অসংখ্য কলেজে পরীক্ষা কেন্দ্র চালু করেছেন। তা ছাড়া মূল বেতনের ৮০% সরকারী কোষাগার থেকে খরচ করছেন। শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে বেসরকারী কলেজের শিক্ষকদের নিজেদের স্বকীয়তা বজায় রাখতে অধিকতর স্বাধীনতা ও ক্ষমতা দেয়া উচিত বলে মনে করি। অধিকাংশ ক্ষেত্রেই পেশীশক্তি ও কর্তৃপক্ষের চাপের মুখে চাকরি হারানোর ভয়ে বেসরকারী শিক্ষকরা নিজ দায়িত্ব বিভিন্ন ক্ষেত্রে সাহসের সাথে পালন করতে পারেন না। তদুপরি বেসরকারী কলেজের শিক্ষকরা নিজ প্রয়োজনে সুবিধাজনক কলেজে যেতে চাইলে তাতেও কর্তৃপক্ষের বাধার সম্মুখীন হন। শিক্ষার মান ও শিক্ষকদের মর্যাদা রক্ষার স্বার্থে অবিলম্বে বেসরকারী কলেজে শিক্ষক নিয়োগে কর্ম কমিশন গঠন ও মূল বেতনের ১০০% সরকারীভাবে প্রদানের মাধ্যমে প্রতিষ্ঠান জাতীয়করণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

**আ.হ.ম. মফিজুল হক**
প্রভাষক (হিসাববিজ্ঞান)
কক্সবাজার সিটি কলেজ।